

শিক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ডিজাস্টার ম্যানেজমেন্টে প্রফেশনাল মাস্টার্স, লিখিত পরীক্ষায় ভর্তির সুযোগ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১২ এপ্রিল ২০২৫, ১৭: ৪১



ঢাকা বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউট প্রফেশনাল মাস্টার্স প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি নেয়। বছরভর এসব কোর্সে শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন আহ্বান করা হয়। এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজ (আইডিএমভিএস) প্রফেশনাল মাস্টার্স প্রোগ্রামে শিক্ষার্থী **ভর্তির জন্য আবেদন আহ্বান** করেছে। ২০২৪-২৫ (জুলাই-ডিসেম্বর) সেশনে প্রফেশনাল মাস্টার্স অব ডিজাস্টার ম্যানেজমেন্টে (পিএমডিএম) শিক্ষার্থী ভর্তি নেওয়া হবে। শিক্ষার্থীদের এ কোর্সে পড়তে হলে অংশ নিতে হবে লিখিত পরীক্ষায়।

পিএমডিএম কোর্সে ভর্তির আবেদন চলছে। গত ৮ এপ্রিল থেকে আবেদন শুরু হয়েছে। আগ্রহী প্রার্থীরা আগামী ১৫ মে পর্যন্ত আবেদন করতে পারবেন। আবেদন ফি ১ হাজার ৫০০ টাকা।

ভর্তিতে আবেদনের যোগ্যতা—

*যেকোনো বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি থাকতে হবে;

*স্নাতকসহ সব পাবলিক পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা বিভাগ/সিজিপিএ ২.৫০ থাকতে হবে (৪-এর মধ্য);

ভর্তি পরীক্ষার তারিখ

আগামী ২০ জুন সকাল ১০টায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

*আবেদনপদ্ধতিসহ অন্যান্য তথ্য বিস্তারিত জানতে [এখানে ক্লিক করুন](#)

